গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-ওএম-৩৪জিএ/২০০৮/ ৫০৫৫৮/১৪- তারিখ: ০৬ /০৮/২০১৭

**অফিস আদেশ**

আগামী ১৫ আগষ্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, তাঁর জীবন ও কীর্তির উপর আলোচনা সভা, প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন, জাতীয় শোক দিবসের সংগে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিল আয়োজন করা এবং স্থানীয় পর্যায়ে বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সংগে পালনের জন্য আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা-উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৬/০৮/২০১৭
(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
৯৫৬৩৪৩৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক, অঞ্চল (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৪। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)।
০৫। উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৬। উপপরিচালক অঞ্চল (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৮। জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপরোক্ত আদেশ বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
০৯। প্রোগ্রামার, ইএমআই সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপরোক্ত আদেশ বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১১। প্রশাসনিক র্কমর্কতা/হিসাব রক্ষণ র্কমর্কতা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৩। ডকুমেন্টেশন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৪। সংরক্ষণ নথি।

১৭৫৭
৮/৮/১৭

মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
............................তারিখের মধ্যে নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক

মা: ও উ: শিক্ষা অধিদপ্তর
পরিচালক (কলেজ ও প্রশাসন) এর দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☐ উপ-পরিচালক (সা: প্র:)
☐ উপ-পরিচালক (ক-১)
☐ উপ-পরিচালক (ক-২)
☐ উপ-পরিচালক (এইচআরএম)
☐ ..............................
..................তারিখের মধ্যে নথিতে দিবেন/ আলাপ করুন।
পরিচালক (কলেজ ও প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-৪ (সমন্বয়)

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি নির্ধারণের লক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ সোহরাব হোসাইন
সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ২৫ জুলাই, ২০১৭
সময় : বিকেল ০৪.০০ মিনিট
সভার স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং- ১৮১৫)।
উপস্থিতি : তালিকা সংযুক্ত

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা আরম্ভ করেন। সভার শুরুতেই তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। একই সাথে তিনি ১৫ আগস্ট অন্যান্য সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি বলেন বরাবরের ন্যায় এবারেও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে। অতপর সভাপতির অনুমতিক্রমে ড. অরুণা বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) বলেন যে, আগস্ট মাস শোকের মাস। আগামী ১৫ আগস্ট জাতির পিতার ৪২তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালন করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে। তিনি দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গত ০৫ জুলাই, ২০১৭ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তমন্ত্রণালয় সভায় গৃহীত শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্ত ও প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.১ | মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তমন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি অনুযায়ী ১৫ আগষ্ট, ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪২তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে; | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক বেসরকারি-সরকারি, কলেজ), সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর প্রধান, সকল শিক্ষা বোর্ড এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ২.২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর-সংস্থা-দপ্তরসমূহের পক্ষ থেকে ১৫ আগষ্ট, ২০১৭ তারিখ সকাল ০৬.৩০ মিনিটে ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সূচারুরূপে সম্পন্ন করার জন্য এ বিভাগ থেকে মূল ব্যানার এবং মা.উ.শি. অধিদপ্তর থেকে পুষ্পস্তবক ও কালো ব্যাজ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া, মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর-সংস্থা মন্ত্রণালয়ের সাথে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় পুষ্পস্তবক, ব্যানার এবং কালো ব্যাজসহ উপস্থিত থেকে পুষ্পস্তবক অর্পণ করবে। সম্মিলিতভাবে এ কার্যক্রমে সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে উক্ত তারিখ সকাল ০৬.০০ মিনিটের পূর্বে কলাবাগানস্থ লাজ ফার্মার বিপরীতে একত্রিত হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সার্বিক তত্ত্বাবধান করবেন; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, যুগ্ম-সচিব (প্রশাসন), সহকারী সচিব (সেবা), সকল অধিদপ্তর-সংস্থা ও দপ্তর প্রধান। |
| ২.৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন কর্মসূচির অংশ হিসেবে মা.উ.সি. অধিদপ্তর কর্তৃক মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে তারিখ ও সময় নির্ধরণ করে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্স্টিটিউট-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জীবন ও কীর্তির উপর আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে। উক্ত আলোচনা সভায় আ.মা.ই. দুই জন কবিকে জাতির পিতা বঙ্গবন্ধুকে নিয়ে লেখা কবিতা আবৃত্তি | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্স্টিটিউট। |

সোহরাব

| | | |
|---|---|---|
| | করার জন্য আমন্ত্রণ জানাবে। এ কর্মসূচি বাস্তবায়নে মা.উ.শি. অধিদপ্তর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে; | |
| | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জাতীয় শোক দিবস উপলক্ষে পোস্টার তৈরী/সংগ্রহ করে তা সারা দেশের স্কুল, কলেজে বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে; | মহাপরিচালক (মা.উ.সি.) অধিদপ্তর। |
| | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নিজস্ব ব্যবস্থাপনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কীর্তির উপর সুবিধাজনক সময়ে স্মারক বক্তৃতার আয়োজন করবে। এ জন্য ইউ.জি.সি. কর্তৃপক্ষ প্রথিতযশা ব্যক্তিদের আলোচক হিসেবে আমন্ত্রণ জানানোর উদ্যোগ গ্রহণ করবে। | চেয়ারম্যান (ইউ.জি.সি.)। |
| ২.৪ | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল-কলেজে) আগামী ১৫ আগস্ট, ২০১৭ তারিখ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সংগে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়, তবে ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (জাতীয় ছুটির দিন থাকায়) কোনরূপ শ্রেণি কার্যক্রম পরিচালিত না হলেও শিক্ষকগণ কর্মস্থল ত্যাগের অনুমতি পাবেন না এবং এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান সভায় যোগদান করবেন। এ ছাড়া, ঐ দিনের অনুষ্ঠানসমূহে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর-সংস্থা-দপ্তর প্রধানগণ তাদের অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেবেন; | অতিরিক্ত সচিব (মাধ্যমিক বেসরকারি, মাধ্যমিক সরকারি কলেজ), মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর, সকল শিক্ষা বোর্ড এবং সকল প্রতিষ্ঠান প্রধান। |
| | সকল পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্ব স্ব ব্যবস্থাপনায় তাদের প্রতিষ্ঠানে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ইউ.জি.সি. কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। |
| | শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্মসূচি-কার্যক্রম গ্রহণ ও পালন করছে কিনা তা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমুহের নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ মনিটরিং করবে; | অতিরিক্ত সচিব (মাধ্যমিক বেসরকারি, মাধ্যমিক সরকারি কলেজ), মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর। |
| ২.৫ | জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদার সংগে পালনের জন্য আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা-উপজেলায় কর্মরত শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর-সংস্থা-দপ্তরসমূহ প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করবে; | অতিরিক্ত সচিব (মাধ্যমিক বেসরকারি, মাধ্যমিক সরকারি কলেজ) মহাপরিচালক (মা.উ.শি.) অধিদপ্তর। |
| ২.৬ | ক) জাতীয় কর্মসূচির আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ আগস্ট ২০১৭ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। উক্ত সভার পূর্বেই এ সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে; | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), |
| | খ) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দুটি ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন, বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক বেসরকারি-সরকারি, কলেজ), সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর প্রধান। |

৩.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত ২৭/০৭/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**
**বাংলাদেশ, ঢাকা**

স্মারক নং-মাউশি/ওএম/৩৪-জিএ/২০০৮/৫০৮-৭২/৪০০-জিএ তারিখ: ০৬/০৮/২০১৭

D:\MEETING RESOLUTIONS National mourning day 15 August 17.docx

**স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০৭/২০১৭ তারিখের নং- ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০৬৬.১৬-৩১৮ স্মারকের কর্মসূচী ও সভার কার্যবিবরণীঃ**

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:</u>

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প ও উ:/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক, অঞ্চল (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৪। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)।
০৫। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৬। উপ-পরিচালক অঞ্চল (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৮। জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপরোক্ত আদেশ বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
০৯। প্রোগ্রামার, ইএমআই সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ (তাঁর অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানের উপরোক্ত আদেশ বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
১১। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৩। ডকুমেন্টেশন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৪। সংরক্ষণ নথি।

০৬/০৮/২০১৭

(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
☎ ৯৫৬৩৪৩৯